১৩২

দৈনিক ইনকিলাব

তারিখ 14 APR 1998
পৃষ্ঠা ৩ কলাম ৪

# রাজশাহী শিক্ষাবোর্ডের হাজার হাজার এসএসসি পরীক্ষার্থী প্রবেশপত্র পায়নি

রাজশাহী অফিস ঃ রাজশাহী শিক্ষাবোর্ডের হাজার হাজার এসএসসি পরিক্ষার্থী গতকাল রবিবার পর্যন্ত তাদের প্রবেশপত্র পায়নি। যে সমস্ত বিদ্যালয়ের পরীক্ষার্থীরা প্রবেশপত্র পায়নি ঐসব স্কুলের শিক্ষকরা সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বোর্ডের এ দুয়ার হতে ও দুয়ার ধর্ণা দেয়। প্রবেশপত্র না পেয়ে অনেকে কান্নায় ভেঙ্গে পড়ে। কথিত ভুয়া রেজিস্ট্রেশনের অভিযোগে বোর্ড প্রায় পাঁচ হাজার পরীক্ষার্থীর প্রবেশপত্র আটকে দিয়েছে। যদিও বোর্ডের সংশ্লিষ্ট সূত্র এ সংখ্যা সহস্রাধিক বলে জানিয়েছে।

প্রবেশপত্র নিতে আসা কয়েকজন শিক্ষকের সাথে আলাপকালে দৃঢ়তার সাথে বলেন, আমরা কোন অনিয়ম করিনি। কিন্তু কেন যে প্রবেশপত্র পাচ্ছি না, তা রোধগম্য নয়। রংপুর, দিনাজপুর হতে আসা কয়েকজন শিক্ষক কান্নাজড়িত কণ্ঠে বলেন, প্রবেশপত্র না পেলে এলাকায় ফিরে যাওয়া সম্ভব নয়। শেষ পর্যন্ত হাজার হাজার পরীক্ষার্থীর ভাগ্যে কি ঘটবে তা নিশ্চিত করে কেউ বলতে পারেননি।

এ বছর রাজশাহী বোর্ড থেকে মোট ২ লাখ ৮ হাজার ৮শ' ১ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এর মধ্যে নতুন সিলেবাসে ১ লাখ ৩০ হাজার ৮শ' ৫৯ জন এবং পুরাতন সিলেবাসে ৭৭ হাজার ৯শ' ৪২ জন। ১ লাখ ২৭ হাজার ৬শ' ৬৬ জন ছাত্র এবং ৮১ হাজার ১শ' ৩৪ জন ছাত্রী ২২১টি কেন্দ্রে পরীক্ষা দেবে। নতুন সিলেবাসে বিজ্ঞান বিভাগের ৪৮ হাজার ৩শ' ৭০ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ৩৫ হাজার ৬শ' ৯৮ জন ছাত্র এবং ১২ হাজার ৬শ' ৭২ জন ছাত্রী। মানবিক বিভাগে ৮০ হাজার ২শ' ৪৬ জন পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ৩৯ হাজার ৩শ' ৭৩ জন এবং ছাত্রী ৩৯ হাজার ৮শ' ৭৩ জন। ব্যবসা শিক্ষা বিভাগে ৩ হাজার ২শ' ৪৩ জন পরীক্ষার্থীর মধ্যে ২ হাজার ৯শ' ১০ জন ছাত্র এবং ৩শ' ৩৩ জন ছাত্রী। পুরাতন সিলেবাসে ১৭ হাজার ১শ' ৫২ জন পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ১৩ হাজার ৭শ' ৮৫ জন এবং ছাত্রী ৩ হাজার ৩শ' ৬৭ জন। সমাজ বিজ্ঞান বিভাগে ৬০ হাজার ৭শ' ৯০ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৫ হাজার ৯শ' জন ছাত্র এবং ২৪ হাজার ৮শ' ৯০ জন ছাত্রী।